

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
www.acc.org.bd


স্মারক নং ০৪.০১.০০০০.১০৪.৮২.০০১.১৯(অংশ-১)- ৩২৬০২(২০২০)

তারিখ: ২৪/০২/২০২০

অফিস আদেশ

দুর্নীতি দমন কমিশনের বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি কমিটি-২ এর সিদ্ধান্ত মোতাবেক দুর্নীতি দমন কমিশনের প্রধান সহকারী/সহকারী পরিদর্শক/সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদ হতে উপসহকারী পরিচালক/কোর্ট পরিদর্শক পদে পদোন্নতির নিমিত্ত যোগ্যতা অর্জনকারী প্রধান সহকারী/সহকারী পরিদর্শক/সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটরগণের পদোন্নতির নিমিত্ত লিখিত পরীক্ষা কমিশনের স্মারক নং ০০.০১.০০০০.১০৪.৭৩.০০১.২০.৭৩১০ তারিখ: ১৭/০২/২০২০ মূলে জারিকৃত সিলেবাস অনুযায়ী আগামী ০৪/১২/২০২১ তারিখ শনিবার, বেলা: ১৪:০০ ঘটিকার সময় এবং ক্যাশিয়ার পদ হতে হিসাবরক্ষক পদে, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদ হতে সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে ও ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদ হতে উচ্চমান সহকারী পদে পদোন্নতির নিমিত্ত যোগ্যতা অর্জনকারী ক্যাশিয়ার, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটরগণের পদোন্নতির নিমিত্ত লিখিত পরীক্ষা আগামী ০৬/১২/২০২১ তারিখ সোমবার, বেলা: ১২:০০ ঘটিকার সময় কমিশনের প্রধান কার্যালয়-এর সম্মেলন কক্ষ/কক্ষসমূহে অনুষ্ঠিত হবে।

২। দুর্নীতি দমন কমিশনের উপসহকারী পরিচালক/কোর্ট পরিদর্শক, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, হিসাবরক্ষক এবং উচ্চমান সহকারী-এর শূন্য পদে পদোন্নতির যোগ্যতা অর্জনকারী সকল কর্মচারীকে অনুষ্ঠায় লিখিত পরীক্ষার নির্ধারিত সময়ের ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। যে সকল কর্মচারীর সংশ্লিষ্ট পদে ০৩(তিন) বছর চাকরি পূর্ণ হয়েছে এবং চাকরিতে স্থায়ী হয়েছেন তারা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। সাময়িক বরখাস্তকৃত ও বিভাগীয় দন্ডপ্রাপ্ত কর্মকর্তাগণ বিধি মোতাবেক দন্ডের মেয়াদ অতিক্রান্ত না হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।


২৪.০২.২০২০

মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)

ফোন: ০২-৯৩৫২১১৫

E-mail: d.admin@acc.org.bd

বিতরণ:

১. চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যান-এর সানুগ্রহ অবগতির জন্য)।
২. কমিশনার (অনুসন্ধান/তদন্ত)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনার-এর সানুগ্রহ অবগতির জন্য)।
৩. মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
৪. পরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মচারীগণকে অবহিত করার অনুরোধসহ)।
৫. উপপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মচারীগণকে অবহিত করার অনুরোধসহ)।।
৬. প্রোগ্রামার, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (অফিস আদেশটি কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. জনাব